দৈনিক বাংলা

তারিখ ১১ NOV 1991
পৃষ্ঠা ... কলাম ...

12

# ফরিদপুর পলিটেকনিকে অগ্নিসংযোগ : ৫৭ জন ছাত্র গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা : ফরিদপুর, ১০ নবেম্বর।– গতকাল ফরিদপুর পলিটেকনিক ইন্সটিটিউটে আগুন লাগানোর অভিযোগে গতরাতে ও আজ ৫৭ জন ছাত্রকে গ্রেফতার করা হয়েছে।

'৯১ সালে অনুষ্ঠিত ফাইনাল পরীক্ষায় ১৯৯ জন পরীক্ষার্থীর মধ্যে ১২ জন পাস করায় ছাত্ররা ক্ষুব্ধ হয়ে নিজেদের শিক্ষা প্রতিষ্ঠানেই আগুন লাগায়। এতে তিন লাখ টাকার আসবাবপত্র ও অন্যান্য জিনিস পুড়ে গেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য জেলা প্রশাসক অভিভাবকদের সহযোগিতা কামনাকরেছেন।

এ ব্যাপারে আজ কোতোয়ালী থানায় একটি মামলা হয়েছে। পুলিশ সূত্রের বরাত দিয়ে বাসস জানায়, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য কারিগরি শিক্ষা বোর্ড শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে নম্বর কেটে দেয়ায় অধিকাংশ ছাত্র ফেল করে।

ক্ষুব্ধ ছাত্ররা অধ্যক্ষের অফিস তছনছ করে ও আগুন লাগিয়ে দেয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে। কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য ইন্সটিটিউট বন্ধ করে দিয়ে ছাত্রদের আজকের মধ্যে হোস্টেল ত্যাগ করার নির্দেশ দেন।

ঘটনার পুনরাবৃত্তি রোধে গতরাতে ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়। ছাত্ররা রাতে আবার আন্দোলন ও সম্পত্তির ক্ষতি করার চেষ্টা করায় পুলিশ অনন্যোপায় হয়ে ৫৭ জন ছাত্রকে গ্রেফতার করে।